কানাইঘাটে আলেমদের মানববন্ধন স্থগিত, তিন দিনের মধ্যে মামলা নিষ্পতির আশ্বাস

কানাইঘাট প্রতিনিধিঃ
কানাইঘাট বড়দেশ আসাদুল উলুম মাদ্রাসার জমি সংক্রান্ত বিরোধের জেরে ছাত্র-শিক্ষকদের উপর হামলার প্রতিবাদে কানাইঘাট বাজারে মানববন্ধন কর্মসূচী স্থগিত করে আজ শনিবার বিকাল ৪টায় কানাইঘাট দারুল উলুম দারুল হাদিস মাদ্রাসায় এ বিষয়ে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। বিভিন্ন কওমি মাদ্রাসার আলেম উলামাদের উপস্থিতিতে সংবাদ পাঠ করেন মাদ্রাসার সহকারী শিক্ষক মাওলানা ক্বারী হারুনুর রশিদ চতুলী। তিনি বলেন বড়দেশ আসআদুল উলুম মাদ্রাসা হচ্ছে পুর্ব সিলেট আযাদে দ্বীন আরবী মাদ্রাসা শিক্ষা বোর্ডের অন্তর্ভুক্ত। এ মাদ্রাসার একটি রাস্তা নিয়ে দীর্ঘদিন থেকে বিরোধ চলছে। এরই জের ধরে গত ১৭ ফ্রেবুয়ারী ভোরে দেশীয় ধারালো আস্ত্র নিয়ে মাদ্রাসা দখলের নেওয়ার চেষ্টা করে একটি পক্ষ। একপর্যায়ে তারা মাদ্রাসার নিরীহ ছাত্র-শিক্ষকদের উপর স্বন্ত্রাসী হামলা করে তাদের রক্তাক্ত আহত করে। এতে কৌমি মাদ্রাসায় হামলার প্রতিবাদে তাৎক্ষণিক তৌহিদী জনতার ব্যানারে কানাইঘাট বাজারে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। পরবর্তী কর্মসূচী হিসাবে মুরব্বীগণ আজ শনিবার বিকাল ৩টায় কানাইঘাট বাজারে মানববন্ধনের আয়োজন করেন। এরই মধ্যে মাদ্রাসার নিরীহ ছাত্র-শিক্ষকদের উপর একটি মিথ্যা মামলা রেকর্ড হয়েছে। এতে মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের মাঝে ক্ষোভ তৈরী হলে প্রশাসন আগামী ৩দিনের মধ্যে মামলা নিষ্পত্তির আশ্বাস দিলে পূর্ব ঘোষিত আজ শনিবারের মানববন্ধন কর্ম সূচী আমরা স্থগিত করেছি। দ্রুত মামলা প্রত্যাহার না হলে অন্যতায় মুরব্বীগণের নির্দেশে কানাইঘাটে পুর্ব সিলেট এদারার পক্ষ থেকে বিশাল গণমিছিল ও প্রতিবাদ সভার ডাক দেওয়া হবে বলে সংবাদ সম্মেলনে উল্লেখ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন কানাইঘাট উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মাওলানা আব্দুল্লাহ শাকীর, বড়চতুল ইউপির সাবেক চেয়ারম্যান মাওলানা আবুল হোসেন চতুলী, মাদ্রাসার মুহতামিম মাওলানা আব্দুল কাদির, মাদ্রাসার শিক্ষক মাওলানা আসআদ আহমদ, উপজেলা শ্রমিকলীগের সাধারণ সম্পাদক জুনেদ হাসান জীবান, মাওলানা হাফিজ নজির আহমদ, মাওলানা বদরুল ইসলাম আল-ফারুক, মাওলানা জুনেদ শামসী, মাওলানা আনোয়ার হোসেন,

মাওলানা সিদ্দিক বিন মোহাম্মদ সহ বেশ কয়েকজন দায়িত্বশীল নেতৃবৃন্দ।